দৈনিক
ইত্তেফাক

তারিখ ...06 OCT. 2015...
পৃষ্ঠা ...৩... কলাম.... 2 ......

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ক্লাস পরীক্ষা বর্জনের যৌক্তিকতা নেই

-শিক্ষামন্ত্রী

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দাবি হচ্ছে পৃথক পে-স্কেল- ঘোষণা। তাঁদের এ দাবির কথা মাথায় রেখে একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটিতে তাঁদের বিষয়টি বিবেচনা করা হবে। তাই শিক্ষকদের ক্ষুব্ধ বা উদ্বিগ্ন হওয়ার কোন কারণ নেই। এতে তাঁদের ক্লাস-পরীক্ষা বর্জন করার কোন যৌক্তিকতা দেখছি না।

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে এক 'টেকসই সমাজ গঠন, শিক্ষকদের ক্ষমতায়ন' শীর্ষক এক আলোচনা সভায় এ কথা বলেন তিনি। বিশ্ব শিক্ষক দিবস-২০১৫ জাতীয় উদযাপন কমিটি এ আলোচনা সভার আয়োজন করে।

শিক্ষক-কর্মচারী জাতীয় ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যাপক কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গ্লোবাল ক্যাম্পেইন ফর এডুকেশন-এর সহ-সভাপতি রাশেদা কে. চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ইউনেস্কো বাংলাদেশের অফিসার-ইন-চার্জ কিচি ওয়্যায়েসু প্রমুখ।

অনুষ্ঠানে দেশের শিক্ষা ও গবেষণা উন্নয়নে বিশেষ অবদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বুয়েট ভিসি অধ্যাপক ড. খালেদা ইকরাম, আন্তর্জাতিক পরিবেশবিদ অধ্যাপক ড. আতিক রহমান, আইএলও কনসালটেন্ট আব্দুর রফিক, শিক্ষাবীদ প্রিন্সিপাল ইবরাহীম খাঁসহ মোট আটজন বিশিষ্ট শিক্ষাবিদকে বিশ্ব শিক্ষক দিবস অ্যাওয়ার্ড- ২০১৫ প্রদান করা হয়।